R. N. No. 2532/57 Phone : 66228 (Press), 67228 (Resi.)/STD 03483 Regd. No.—WB/MSD- 4

**A Great News to all !**
Introducing shortly a complete range of industry oriented **Computer Courses** for beginers and professional in the heart of Raghunathganj.
For Details Contact at
**HAQUE PHARMACY**
Raghunathganj, Garighat
Ph. ( 03483 ) 66295

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাঙ্ক
অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৬শ বর্ষ
৩৩শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ২৭শে পৌষ, বুধবার, ১৪০৬ সাল।
১২ই জানুয়ারী, ২০০০ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## চৌধুরী উপাধির এক সরকারী কর্মী তপশীল উপজাতি ! তপশীল জাতির ৪জনকে শোকজ করলেন এস ডি ও

বিশেষ প্রতিবেদক : জেলা জুড়ে তপশীল জাতি/উপজাতি জাল সার্টিফিকেট নিয়ে যে তোলপাড় চলছে তাতে মহকুমা প্রশাসন আজ পর্যন্ত চারজনের সার্টিফিকেটে সন্দেহ প্রকাশ করে শোকজ করেছেন। জেলা শাসক গত লোকসভা নির্বাচনের পূর্বে মহকুমায় মোট ৪২জন তপশীল জাতির সার্টিফিকেট তদন্তের ব্যাপারে মহকুমা শাসককে নির্দেশ পাঠান। এব্যাপারে সম্প্রতি মহকুমা শাসক মণীশ রায় আমাদের প্রতিনিধিকে জানান, লোকসভা নির্বাচনের জন্য তদন্ত প্রক্রিয়া বন্ধ ছিল। পরে আমরা তদন্তের কাজ ধীর গতিতে চালিয়ে ৪২জনের মধ্যে আপাততঃ যা তদন্ত হয়েছে তার মধ্যে দু'জন সার্টিফিকেটধারীই নয় বলে জানা গেছে। ছয়জনার সার্টিফিকেট সঠিক বলে জানানো হয়েছে। চারজনার সার্টিফিকেট তদন্তের সমর্থনে কাগজপত্রে ( শেষ পৃষ্ঠায় )

## কেন্দ্রীয় পর্যবেক্ষক দল বন্যা বিধ্বস্ত এলাকা ঘুরে গেলেন

নিজস্ব সংবাদদাতা : বিগত বন্যায় মুর্শিদাবাদ জেলায় গঙ্গা-পদ্মার ভাঙনে ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলি সরজমিনে দেখে গেলেন কেন্দ্রীয় সরকারের এক কারিগরী পর্যবেক্ষক দল গত ১০ জানুয়ারী। জানা যায় ঐ দিন সকালে বিশেষজ্ঞ দলটি আখেরীগঞ্জের ভাঙন এলাকা দেখার পর ফরাক্কা ব্যারেজের এ্যাফ্লেক্স বাঁধের পূর্বদিক বরাবর ভাঙনে ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলি পরিদর্শন করেন। পরে নিমতিতা থেকে ষ্টিমারযোগে ফরাক্কা অভিমুখে রওনা হন। পর্যবেক্ষক দলকে ক্ষতিগ্রস্ত এলাকাগুলো ঘুরিয়ে দেখান ফরাক্কার জেনারেল ম্যানেজার, রাজ্য সেচ দপ্তরের চিফ ইঞ্জিনীয়ার এবং উচ্চ পদস্থ ইঞ্জিনীয়াররা।

## ফঃ ব্লকের বিক্ষুব্ধ গোষ্ঠীর কনভেনশন গণ্ডগোলে ভণ্ডুল হয়ে গেল

নিজস্ব সংবাদদাতা : ১২ জানুয়ারী রঘুনাথগঞ্জ রবীন্দ্রভবনে স্থানীয় বিক্ষুব্ধ ফঃ ব্লক গোষ্ঠীর এক কনভেনশন গণ্ডগোলে মাঝ পথে ভণ্ডুল হয়ে যায়। খবরে প্রকাশ, কনভেনশনে ফঃ ব্লকের রাজ্য কমিটির সদস্য নিখিল দাস তাঁর বক্তব্যে মুর্শিদাবাদ জেলার বর্ষীয়ান নেতা জয়ন্ত রায় ও নেতৃ ছায়া ঘোষের দুর্নীতি এবং লক্ষ লক্ষ টাকা আত্মসাতের কথা তুলে ধরেন। সভা চলাকালীন পার্টির ফ্ল্যাগ অপহরণের অভিযোগ এনে ফঃ ব্লকের স্থানীয় কর্মী জনৈক জয়দেব সাহাকে বিক্ষুব্ধ গোষ্ঠীর কয়েকজন ধরে নিয়ে এসে বেদম মারধোর দেয়। বিক্ষুব্ধ গোষ্ঠীর স্থানীয় নেতা মীর নুর ইসলাম ( টুনু ) জয়দেবকে পুলিশের হাতে দেবার ব্যবস্থা নিলে ফঃ ব্লকের স্থানীয় পুর কমিশনার গৌতম রুদ্র রবীন্দ্র ভবনে ঢুকে জয়দেবকে একরকম ছিনিয়ে নিয়ে চলে যান। এই হট্টগোলের মধ্যে কনভেনশন ভণ্ডুল হয়ে যায়। ফঃ ব্লকের রঘুনাথগঞ্জ লোকাল কমিটি সূত্রে জানা যায় গত নভেম্বর মাসে জেলা কমিটির এক বিশেষ সভায় সর্বসম্মতিক্রমে জেলার কিছু নেতার সঙ্গে স্থানীয় নেতা মীর নুর ইসলামকে ( টুনু ) পার্টি থেকে বহিষ্কার করা হয়। ( শেষ পৃষ্ঠায় )

## দেড় লক্ষ টাকার পাট ভর্তি ট্রাক সম্পূর্ণ ভস্মীভূত

নিজস্ব সংবাদদাতা : গত ৭ জানুয়ারী ৩৪ নম্বর জাতীয় সড়কের আহিরণ হল্ট ও ফিডার ক্যানেল ব্রীজের মাঝামাঝি একটি চলন্ত পাট ভর্তি ট্রাক ( নং WB 41-0123 ) অগ্নিগ্রাসে সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। ট্রাকটি প্রায় দেড় লক্ষ টাকার পাট নিয়ে ধুপগুড়ি থেকে বর্ধমান যাচ্ছিল। জানা যায় আহিরণ ফিডার ক্যানেল ব্রীজ পার হওয়ার পর জনৈক বাস ড্রাইভারের কাছে ট্রাকে ( ৩য় পৃষ্ঠায় )

## দুঃস্থদের শীতবস্ত্র বিলি নিয়েও পঞ্চায়েতে অসাধুতা

নিজস্ব সংবাদদাতা : গত ৪ জানুয়ারী রঘুনাথগঞ্জ-২ ব্লকের মিঠিপুর গ্রাম পঞ্চায়েতে প্রধান ও উপপ্রধানের অসাধুতা ফাঁস হয়ে গেছে। সংবাদে প্রকাশ, গত ৮ ডিসেম্বর '৯৯ পঞ্চায়েত সমিতি থেকে যে সব শীতবস্ত্র দুঃস্থদের বিলির জন্য মিঠিপুর গ্রাম পঞ্চায়েতে দেওয়া হয়, ( মেমো নং ১৪৯৩ (৮) সে সব বস্ত্র অন্য সদস্যদের কাছে গোপন রেখে (৩য় পৃষ্ঠায়)

## গোপালনগর এলাকার একাধিক ছিনতাই এর নায়ক ধরা পড়ল

নিজস্ব সংবাদদাতা : গত ৯ জানুয়ারী জঙ্গিপুর গাড়ীঘাট থেকে ফরাক্কা থানার দুর্ধর্ষ সমাজবিরোধী সত্য ধোপা ও তার সাকরেদ অসীমকে রঘুনাথগঞ্জ পুলিশ গ্রেপ্তার করে। ওদের কাছ থেকে একটি পাইপগান, কিছু গুলি ও একটি ভোজালী উদ্ধার হয়। রঘুনাথগঞ্জ শহর লাগোয়া গোপালনগর এলাকায় গত ( ৩য় পৃষ্ঠায় )

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
কাঞ্চনজঙ্ঘার চূড়ায় ওঠার সাধ্য আছে কার ?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার ।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ


২৭শে পৌষ বুধবার, ১৪০৬ সাল।

## ॥ ঈদোত্তর পর্বে ॥

সারা ইসলামী দুনিয়ায় গত শনিবার ও রবিবার ঈদ উৎসব উদ্‌যাপিত হইয়াছে। এই উৎসব আনন্দের উৎসব ; যে আনন্দ মানুষ নিজে পাইবে এবং অপরকে দান করিবে। বস্তুত ইহা অপরকে আনন্দ দান করিয়া নিজে আনন্দ লাভ করিবার এক অতি সুমহৎ অনুষ্ঠান। এইজন্য প্রয়োজন সকলকে আপন করিয়া লওয়ার প্রবৃত্তি। ভাবিতে হইবে—'কেহ নহে নহে দূর',। আর্যঋষির 'শৃন্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রাঃ' যে উদাত্ত আহ্বান, তাহা সকলকে আপনবোধেই উদ্‌বুদ্ধ হইয়া আহ্বান। কবি গাহিলেন—'শুনহ মানুষ ভাই,/সবার উপরে মানুষ সত্য/তাহার উপরে নাই।' ইহাও ত সর্বমানবে প্রেমদানের কথা।

'ফিতর' এর অর্থ দান। 'ঈদ-উল-ফিতর'—ইহার অর্থ দানের আনন্দ। কী দান? প্রেম-ভালবাসা দান এবং তাহা সকলকেই। ধনী-নির্ধন, পাপী-তাপী, ধার্মিক-অধার্মিক, সর্বশ্রেণীর মানুষকে সৌভ্রাতৃত্ব, ভালবাসা প্রদান করিয়া আনন্দ দিতে হইবে। তাহার দ্বারা দাতা ও গ্রহীতা—উভয়েই খুশিতে ভরপুর হইবে। এই দিনটি আনন্দ উৎসবের, সকলকে বুকে টানিয়া প্রীতি বিনিময়ের হইলেও সার্বজনীন ও সর্বজনীন অদ্যাপি হয় নাই। এখনও স্ব-সম্প্রদায়ভুক্ত শিয়া সুন্নির মধ্যেই দাঙ্গা-হাঙ্গামা অব্যাহত গতিতে চলে। 'ফিতর' বা দান—দরিদ্রদিগকে খাদ্য, বস্ত্র প্রভৃতি দান এখন বিনয়-মমতাপূত নহে। এক আল্লাহুতায়লা ছাড়া অন্য সকলেই তাঁহার বান্দা—এই বোধ খুব কম পরিলক্ষিত হয়। কট্টর মৌলবাদিতা ইসলাম ধর্মের মূল সুরকে অনেকাংশে বিনষ্ট করিতেছে। অবশ্য সকল ধর্মের মধ্যে মৌলবাদিতা উক্ত ধর্মসমূহকে মলিন করিয়া দিতেছে। সাধারণ মানুষের মনে পাপের ভয় থাকায় প্রতিবাদের স্বর কঠোর ও একমুখী হয় না ; তাহার ফলে স্বার্থসিদ্ধি সহজেই সম্পন্ন হয়। বিভিন্ন ধর্মের মৌলবাদীরা পৃথিবীব্যাপী শান্তিকামী মানুষের শান্তি কাড়িয়া লইতেছে ; নিজেদের শক্তিবৃদ্ধি ঘটাইতেছে ; আর তৎসঙ্গে রাজনৈতিক অভিসন্ধি পূর্ণ করিতেছে। শক্তিধর উন্নত রাষ্ট্রগুলি নিজেদের স্বার্থ না দেখিলে প্রতিকারের জন্য অগ্রণী ভূমিকা লইতেছে না ; মুখের স্তোকবাক্যে কর্তব্য সম্পাদন করিতেছে।

ঈদোত্তর পর্বে সকলের শুভ হউক এই আন্তরিক শুভ কামনা সর্বধর্মের মানুষের প্রতি সকল ধর্মের মানুষের ঐকান্তিক ইচ্ছা ও কর্মপ্রয়াস বিজ্ঞাপিত হউক—এই কামনা করিতেছি।




'ঈদ মুবারক'!—শুভেচ্ছাজ্ঞাপন।

—'হাঁ মুবারক হো'!

*  *

বিভিন্ন ভি/ভিভি-আই পি এবার ইফতার পার্টিতে যোগ দিয়েছেন বলে জানা গেছে।

—পিঁপড়েরা এক রকম পোকা পোষে। তারা ওই পোকার গায়ে সুড়সুড়ি দিলে তার গা থেকে এক প্রকার মিষ্টি রস বের হয়। পিঁপড়েরা তা মহানন্দে পান করে। ভোটের সময় সমর্থন-রস পাওয়া দরকার ত!

*  *

রাজধানীর মত কলিকাতাতেও ইফতার পলিটিক্স বেশ জমেছিল, শুনেছি।

—পলিটিক্সে এক পক্ষ কিন্তু অন্য পক্ষকে বেশ দাবিয়ে রাখতে পারে!

*  *

জম্মু-কাশ্মীর সীমান্তে পাক-হামলা ফের শুরু হয়ে গিয়েছে—সংবাদ

—শেষ কখন হল যে ফের শুরুর কথা? ওরা ত কোন সময়ই থেমে ছিল না, আমাদেরকে কারগিল যুদ্ধের জয়োল্লাস করবার সুযোগ দিয়েছিল এবং 'লাইন অব্ অ্যাকশান' ঠিক করছিল।

*  *

পাকিস্তানকে সন্ত্রাসবাদী রাষ্ট্র ঘোষণা করার জন্যে ভারত নাকি পৃথিবীর বিভিন্ন রাষ্ট্রের কাছে আবেদন করেছে?—প্রশ্ন।

—কেউ কর্ণপাত করুক না করুক, ভারত তার কাজ করে যাবে।

*  *

আতঙ্কবাদীরা এর পর বিমান ছিনতাই বিস্ফোরণ, লোক অপহরণ ও হত্যা প্রভৃতি চালাতে থাকবে না কি?—আবার প্রশ্ন।

চালাতে পারে বৈকি! তখন ভারতকে 'একলা চল রে'—নীতির উপর ভরসা করতে হবে।

কার্ডস ফেয়ার

এখানে সব রকমের কার্ড পাওয়া যায়।

রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

### কৃষি ও আর্থ সামাজিক উন্নয়নে মির্জাপুর ষ্টেট ব্যাঙ্কে আলোচনা সভা

নিজস্ব সংবাদদাতা : ষ্টেট ব্যাঙ্কের মির্জাপুর শাখা গত ৩০ ডিসেম্বর এলাকার কৃষিজীবী মানুষদের নিয়ে এক আলোচনা সভা করে। অনুষ্ঠানের সভাপতি মির্জাপুর গ্রাম পঞ্চায়েত প্রধান আশরাফ আলি তাঁর ভাষণে গ্রামের কৃষিজীবী মানুষদের আর্থ সামাজিক উন্নয়নে ব্যাঙ্কের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি রঘুনাথগঞ্জ-১ ব্লক প্রতিনিধি রক্ষাদাস মঠ তাঁর বক্তব্যে সরকারের পক্ষ থেকে কৃষকদের সব রকম সুযোগ সুবিধা দেওয়ার প্রতিশ্রুতি দেন। এ ছাড়া বক্তব্য রাখেন ও অঞ্চলের প্রগতিশীল চাষী ধূর্জটি ব্যানার্জী, জয়ন্ত ব্যানার্জী প্রমুখ। শেষে ব্যাঙ্ক ম্যানেজার মৃণালেন্দু সরকার তাঁর ভাষণে সব ক্ষেত্রে চাষীদের অগ্রণী ভূমিকা পালনের কথা উল্লেখ করেন। চাষীদের ব্যাঙ্কের সঙ্গে সহযোগিতা করে বকেয়া ঋণ পরিশোধে উদ্যোগ নিতে আহ্বান জানান। তাহলে ব্যাঙ্কের পক্ষে ঋণ দেবার ব্যাপারে কোন অন্তরায় থাকবে না বলেও তিনি জানান।

### রেলের জায়গা থেকে উচ্ছেদ

সাগরদীঘি, ৫ জানুয়ারী—রেলের জায়গা দখল করে দীর্ঘদিন ধরে যাঁরা সাগরদীঘি ষ্টেশন সংলগ্ন এলাকায় এবং প্ল্যাটফর্মে দোকান সাজিয়ে ব্যবসা করছিলেন, পূর্ব রেল কর্তৃপক্ষ তাঁদের দোকানপাট এবং ঠেক ভেঙে দিয়ে গত ৩০ ডিসেম্বর রেলের জায়গা দখলমুক্ত করেছেন। কয়েক বছর আগেও একবার এই সমস্ত ব্যবসায়ীদের উচ্ছেদ করা হয়েছিল। কিন্তু কোন অজ্ঞাত কারণে আবার জায়গা দখল করে তারা ব্যবসা চালিয়ে যাচ্ছিলেন। এবার উচ্ছেদের সময় মমতা যাদুতে উচ্ছেদ ত্বরান্বিত হলেও দু' একদিন পর থেকেই ভাঙা দোকানগুলির জায়গাতে পলিথিন খাটিয়ে আবার ব্যবসা শুরু হয়েছে। এদের মধ্যে বহু বিতর্কিত কিছু মদের ঠেকও রয়েছে।

শ্রী মুদ্রণীর নতুন পদক্ষেপ

শ্রীবন্ধু পলি প্রিন্ট

এখানে যাবতীয় বিড়ি, চানাচুর, গুল, পাঁউরুটি মশলা প্রভৃতির পলি লেবেল ও প্যাকেট গ্রাভিয়ার মেসিনে ছাপানো হয়

পোঃ জঙ্গীপুর (মহাবীর তলা)
জেলা মুর্শিদাবাদ
ফোন - ৬৪৬৪৭, এসটিডি - ০৩৪৮৩

## পুষ্প কৃষি মেলা—২০০০

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ-২ ব্লকের জোতকমলে নবতরুণ সংঘ গত সাত বছর ধরে পুষ্প প্রদর্শনী করে আসছে। এবারও নবতরুণ সংঘ এবং রঘুনাথগঞ্জ-২ পঞ্চায়েত সমিতির যৌথ উদ্যোগে এক পুষ্প কৃষি মেলা হয়ে গেল গত ৩ থেকে ৯ জানুয়ারী জোতকমল ফুটবল ময়দানে। মূল প্রদর্শনীর উদ্বোধন করেন জঙ্গিপুরের পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য এবং পুষ্প প্রদর্শনীর উদ্বোধন করেন জঙ্গিপুরের মহকুমা শাসক মণীশকুমার রায়। ঐ মেলায় কৃষি, রেশম শিল্প, ইউনিসেফ, সমাজকল্যাণ, মহকুমা তথ্য ও জনসংযোগ বিভাগ থেকে ষ্টল দেওয়া হয়। পুষ্প প্রদর্শনীতে ৩৯টি বিভাগে পুরস্কার ঘোষণা করা হয়। কৃষি প্রদর্শনীতে লাউ, কপি, মূলো, লেবু ছাড়াও চমক দেয় একটি ধান গাছে তিনটি শীষ।

### সুবর্ণ বণিক সমাজের প্রীতি সম্মেলন

নিজস্ব সংবাদদাতা : সুবর্ণ বণিক সমাজ, জঙ্গিপুর শাখা কমিটির উদ্যোগে বাবুবাজারে ৺বৃন্দাবনবিহারী মন্দির প্রাঙ্গণে একদিনের এক প্রীতি সম্মেলন হয়ে গেল গত ৩০ ডিসেম্বর। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন স্থান থেকে প্রায় নশো আবালবৃদ্ধবনিতা উপস্থিত হন বলে খবর। ওখানে এক আলোচনা সভায় পৌরোহিত্য করেন প্রবীণ শিক্ষাব্রতী শৈলেন্দ্রীরঞ্জন নাথ। সভায় আগামী তিন বছরের জন্য পার্থসারথি নাথ সভাপতি, সুবীরকুমার দে সম্পাদক, তাপসকুমার ধর ও শুভাশিস ধরকে যুগ্ম কোষাধ্যক্ষ নির্বাচিত করে একুশজনের এক কার্য্যকরী কমিটি গঠন করা হয়।

### সংরক্ষণের দাবীতে চাঁইদের অনশন ও ধর্ণা

নিজস্ব সংবাদদাতা : গত ২৩ ডিসেম্বর পশ্চিমবঙ্গের ২৫ লক্ষ চাঁই সম্প্রদায়ের মানুষকে তপশিলী জাতির স্বীকৃতি দেবার দাবীতে দিল্লীর সংসদ ভবনের সামনে অনশন ও ধর্ণার কর্মসূচী পালিত হয়েছে। এ বিষয়ে কোনো অগ্রগতি না হলে আসন্ন বাজেট অধিবেশনেই সংসদের সামনে বিক্ষোভ জানানো হবে বলে চাঁই সমাজের রাজ্য সাধারণ সম্পাদক ডাঃ ভরতচন্দ্র মণ্ডল জানান।

### পঞ্চায়েতে অসাধুতা ( ১ম পৃষ্ঠার পর )

প্রধান ও উপ-প্রধান নিজেদের পছন্দ মতো লোকদের মধ্যে বিলি শুরু করেন। ঐ অঞ্চলের তৃণমূল সদস্য এমদাদুল হক ও নুর ইসলাম এ খবর জানতে পেরে এর বিরোধিতা করেন ও বস্ত্র বিলি বন্ধের দাবী জানান। আমাদের প্রতিনিধিকে ঐ দুই সদস্য জানান—নামমাত্র শীত বস্ত্র বিলি করে এরা বাকীটা পাচারের চেষ্টা করে। জঙ্গিপুর ফাঁড়িতে অভিযোগ জানালে পুলিশ গিয়ে মজুত মাল উদ্ধার করে পঞ্চায়েতের একটি ঘরে তালা বন্ধ রাখে। রঘুনাথগঞ্জ-২ বিডিওকেও লিখিত অভিযোগ দেন তাঁরা। অভিযোগের প্রতিলিপি বিভিন্ন জায়গায় পাঠানো হয়েছে বলে তৃণমূলের সক্রিয় কর্মী তাঞ্জিল সাহেব জানান।

### ছিনতাই এর নায়ক ধরা পড়ল ( ১ম পৃষ্ঠার পর )

নভেম্বর-ডিসেম্বরে ৫/৬টি ছিনতাই এর প্রধান নায়ক ছিল এই সত্য ধোপা বলে জানা যায়। এর সঙ্গে মঙ্গলজনের তপন ও তার ভাই এবং কানুপুরের সাদেক আছে বলে জানা যায়। ১০ জানুয়ারী দু'জনকে জঙ্গিপুর কোর্টে পাঠানর পর রঘুনাথগঞ্জ থানা ওদের রিমাইণ্ডে নিয়ে আসে।

### পাট ভর্তি ট্রাক সম্পূর্ণ ভস্মীভূত ( ১ম পৃষ্ঠার পর )

আগুন লাগার খবর পেয়েই ড্রাইভার আগুন নেভানর উদ্দেশ্যে রাস্তার ধারে ট্রাকটিকে পালটি খাইয়ে দেন। রাস্তার অন্যান্য ট্রাক ড্রাইভাররাও আগুন নেভানর চেষ্টা করে ব্যর্থ হন। ফরাক্কায় ফায়ার ব্রিগেডে খবর দিলে অল্প সময়ের মধ্যে গাড়ী ঘটনাস্থলে এসে আগুন নেভালেও জলের অভাবে সম্পুর্ণ আগুন না নিভিয়ে তারা নাকি চলে যায়। সে কারণে ট্রাকটি সম্পুর্ণভাবে ভস্মীভূত হয় বলে খবর।


## জঙ্গিপুর নিয়ন্ত্রিত বাজার সমিতি

পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ

## টেণ্ডার নোটিশ

**( 2nd Call )**

এতদ্দারা গ্রহণেচ্ছুক বিশিষ্ট কাপড় ব্যবসায়ীদের জানানো যাইতেছে যে জঙ্গিপুর নিয়ন্ত্রিত বাজার সমিতির ৪৮ ( আটচল্লিশ জন ) কর্মচারীর দুই সেট ইউনিফর্ম ( পোষাক ) তৈয়ারীর জন্য নিম্নলিখিত মান ও রংয়ের কাপড়ের মূল্য ও সেলাইয়ের মূল্য ( পৃথকভাবে ) দাখিল করার জন্য নিম্নস্বাক্ষরকারী দরপত্র আহ্বান করিতেছেন।

**নিয়মাবলী :**

১। প্যান্টের কাপড় : ক) কালো খ) আকাশী নীল গ) খাঁকি রংয়ের।

২। জামার কাপড় : ক) সাদা খ) খাঁকি রং।

৩। কাপড়ের গুণগত মান—রেমণ্ড, বিমল, ময়ূর মিলের দিতে হইবে।

৪। প্রত্যেকটি কাপড়ের সেলাই মূল্য পৃথক পৃথক ভাবে দিতে হইবে।

৫। দরপত্রের সহিত অবশ্যই কাপড়ের নমুনা দিতে হইবে এবং একসেট জামা ও প্যান্টের সেলাইসহ কাপড়ের মূল্য ৬৫০/- ( সাড়ে ছয় শত ) টাকার বেশী হইবে না।

৬। এক ব্যক্তি বা ব্যবসায়ী একাধিক দরপত্র দাখিল করিতে পারিবেন না।

বিজ্ঞপ্তি প্রকাশের ১০ দিনের মধ্যে অফিস কার্য্যের দিন নিম্নস্বাক্ষরকারীর অফিসে দরপত্র দাখিল করিতে হইবে।

এই বিজ্ঞপ্তি প্রকাশের দরপত্র গ্রহণ বা বাতিল করিবার সম্পূর্ণ অধিকার ( কোনরূপ কারণ না দর্শাইয়া ) নিম্নস্বাক্ষরকারীর থাকিবে।

*ঠিকানা :* পলাশপ্রসূন বন্দ্যোপাধ্যায়
শ্রীমা কুটির, ইন্দিরাপল্লী সম্পাদক,
ম্যাকেঞ্জী রোড, রঘুনাথগঞ্জ জঙ্গিপুর নিয়ন্ত্রিত বাজার সমিতি
মুর্শিদাবাদ, ফোন নং-৬৬২৮৯

Memo No. 7/Adv./J. R. M. C. Date 7/1/2000

## জমি বিক্রী

গোপালনগর ( মিঞাপুর ) ইটভাটার পাশে সদর রাস্তার কাছে প্লট করে জমি বিক্রী হবে।

যোগাযোগের ঠিকানা—
ধ্রুব মুখার্জী, ট্যাক্স কনসালটেন্ট
রঘুনাথগঞ্জ ফাঁসিতলা

## পণের টাকার দাবীতে গৃহবধূকে শ্বাসরোধ করে হত্যা স্বামী গ্রেপ্তার

নিজস্ব সংবাদদাতা ঃ সাগরদীঘি থানার কান্তনগর গ্রামের এক সন্তানের মা গৃহবধূ কল্যাণী মন্ডলকে (২২) পণের টাকা দিতে না পারায় গত ১৯ ডিসেম্বর শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে। খবর, গত দু' বছর আগে কান্তনগর গ্রামের ফাগু মন্ডলের পুত্র রঘুনাথের সঙ্গে কল্যাণীর বিয়ে হয়। পণের টাকা নিয়ে শ্বশুর বাড়ীতে প্রায় কল্যাণীকে নির্যাতন সহ্য করতে হতো। ঘটনার দিন শ্বশুর ফাগু, শাশুড়ী কলাবতী ও স্বামী রঘুনাথ কল্যাণীর উপর নির্যাতন চালায় ও পরে তাকে শ্বাসরোধ করে হত্যা করে। জঙ্গিপুর পুরসভার ৮ নম্বর ওয়ার্ডের ধনপতনগর গ্রামের ফুলচাঁদ মন্ডলের মেয়ে কল্যাণী। বাবার বাড়ীর লোকেরা খবর পেয়ে সাগরদীঘি থানাতে অভিযোগ করলে পুলিশ কল্যাণীর স্বামী রঘুনাথকে গ্রেপ্তার করে। বাকীরা ফেরার।

***চারজনকে শোকজ করলো এসডিও*** ( ১ম পৃষ্ঠার পর )

প্রাথমিকভাবে সন্দেহ দেখা দেওয়ায় প্রশাসন থেকে তাদের শোকজ করে ১৫ দিন সময় দেওয়া হয়েছে, যা প্রায় পেরোতে চলেছে। সবথেকে গুরুতর যে জাল তপশীল উপজাতির সার্টিফিকেট মহকুমায় ধরা পড়েছে, সেটা ফরাক্কা ব্লকের এক ব্যক্তির। তাঁর উপাধি 'চৌধুরী' হয়েও তিনি যে কি করে তপশীল উপজাতির সুবিধা ভোগ করছেন তা ভেবে মহকুমা শাসকও বিস্মিত। জানা যায়, শ্রীচৌধুরী খাদ্য ও সরবরাহ দপ্তরের একজন কর্মী। তাঁকেও শোকজ করা হয়েছে। জাতি সার্টিফিকেট আসল কিনা তা পরীক্ষার জন্য প্রাথমিকভাবে যে কাগজপত্র চাওয়া হচ্ছে তার মধ্যে এলাকার বিডিও, বিধায়ক, সাংসদ ইত্যাদিদের যে কোন একজনের শংসাপত্র, বংশ তালিকা, এস সি/এস টির ইন্সপেক্টরের রিপোর্ট, ১৯৫৪ সালের পূর্বের জমি-সম্পত্তি রেজিষ্ট্রী ডিড ইত্যাদি দেখা হচ্ছে বলে মহকুমা শাসক জানান। জরুরী ভিত্তিতে ভূয়া সার্টিফিকেট তদন্ত ও বাতিলের দাবীতে রাজ্য কনফেডারেশন অব এস সি, এস টি এন্ড ওবিসি মহকুমা শাখা ১২ জানুয়ারী মহকুমা শাসকের কাছে এক ডেপুটেশন দেন।

***গণ্ডগোলে ভণ্ডুল হয়ে গেল*** ( ১ম পৃষ্ঠার পর )

টুনু মিঞার বিরুদ্ধে দলবিরোধী কার্যকলাপ, উপদলীয় চক্রান্ত এবং অর্থকরী দুর্নীতির অভিযোগ আনা হয়। রঘুনাথগঞ্জ লোকাল কমিটির দায়িত্বভার দেওয়া হয় গৌতম রুদ্র ও কবীর সেখের উপর। এছাড়া লোকাল কমিটিকে শক্তিশালী করার উদ্দেশ্যে ১৩ জনের এক পরিচালন কমিটিও গঠন করা হয় গত ১৩ ডিসেম্বর। আরও জানা যায়, লোকাল কমিটি থেকে ফঃ ব্লকের সক্রিয় সদস্য তেনু সেখ, গাজলু সেখকেও বহিষ্কার করা হয়। এই পরিস্থিতিতে দুর্নীতিগ্রস্তদের দ্বারা ফঃ ব্লকের ব্যানারে কোন সভা-সমিতি হোক সেটা বর্তমান কমিটি কোন মতেই মেনে নেবে না।

আপনাদের সেবায় দীর্ঘদিন যাবৎ নিয়োজিত—

**✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚**

*ফুলতলা ★ রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ*

*( সবজী বাজারের বিপরীত দিকে )*

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক ডাঃ গোপন সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাব্লু. টি ( আই. আর. সি. এস ) ( স্ত্রী ও শিশুরোগ বিশেষজ্ঞ )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।



*আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।*

*উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।*

**বাঘিড়া ননী এণ্ড সন্স**

*মির্জাপুর ॥ গনকর*

ফোন নং ঃ গনকর ৬২০২৯

*সকলকে অভিনন্দন জানাই—*

**রঘুনাথগঞ্জ ব্লক নং-১**

**রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ**

*( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )*

*রেজিঃ নং—২০ ✶ তারিখ—২১-২-৮০*

গ্রাম মির্জাপুর ॥ পোঃ গনকর ॥ জেলা মুর্শিদাবাদ

*ফোন নং—৬২০২৭*



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

*বিশেষ সরকারী ছাড় ১০%*

✪ *সততাই আমাদের মূলধন* ✪

| | | |
|---|---|---|
| *জয়ন্ত বাঘিড়া* | *ধনঞ্জয় কাদিয়া* | *অচিন্ত্য মন্ডিয়া* |
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |

দাদাঠাকুর প্রেস এন্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ), পিন-৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পন্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।